

শিক্ষা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়ার তারিখ পরিবর্তন, ক্লাস ৩ আগস্ট

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ১৬ মে ২০২৫, ১৭: ১৯



রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

২০২৪-২৫ শিক্ষাবর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের জন্য সাবজেক্ট চয়েস, ভর্তি এবং ক্লাস শুরুর তারিখ পুনর্নির্ধারণ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বিশ্ববিদ্যালয়ের ভর্তি উপকরণিকার এক সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তিতে ইউনিটসমূহের সাবজেক্ট চয়েস গ্রহণের তারিখ, ভর্তির শেষ তারিখ এবং ক্লাস শুরুর তারিখ

পুনর্নির্ধারণ করা হয়েছে। পুনর্নির্ধারিত সময় অনুযায়ী, বিষয় চয়েস গ্রহণ করা হবে ২৬ থেকে ৩১ মে ২০২৫ পর্যন্ত।

ভর্তি শুরু হবে ১৬ জুন এবং শেষ হবে ২৪ জুলাই ২০২৫। ক্লাস শুরু হবে ৩ আগস্ট ২০২৫ তারিখ থেকে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী, অভিভাবক এবং সংশ্লিষ্টদের পুনর্নির্ধারিত সময়সূচি অনুযায়ী
প্রস্তুতি নেওয়ার আহ্বান জানিয়েছে।

